

শিক্ষা ক্যাডারে বাংলার সঙ্গে অন্য বিভাগ অন্তর্ভুক্তির প্রতিবাদে ঢাবিতে বিক্ষোভ

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) শিক্ষা ক্যাডারের স্বতন্ত্র
বিভাগ বাংলার সঙ্গে অন্যান্য বিভাগের অন্তর্ভুক্তিকরণের প্রতিবাদে
বিক্ষোভ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) বাংলা বিভাগের
শিক্ষার্থীরা।

সোমবার (১১ আগস্ট) সকাল ১১টার দিকে অপরাজেয় বাংলা
থেকে একটি মিছিল শুরু হয়ে রাজু ভাস্কর্য গিয়ে শেষ হয় এবং
সেখানে বিক্ষোভ সমাবেশ পালন করেন শিক্ষার্থীরা।

এ সময় শিক্ষার্থীরা ‘সাবজেক্ট যার , ক্যাডার তার’, ‘স্বজনপ্রীতির
আন্তর্ভুক্তি, ভেঙ্গে দাও’, ‘শিক্ষা নিয়ে টালবাহানা, চলবে না’, ‘শিক্ষা
নিয়ে বাণিজ্য, চলবে না’, ‘মানি না, মানব না’ ইত্যাদি স্লোগান
দিতে থাকেন।

অন্য শিক্ষার্থীরা বলেন, কয়েকটি কোর্স করে অন্যান্য বিভাগের
শিক্ষার্থীরা কিভাবে বাংলা পড়াতে পারবেন, যেখানে আমরা চার-
পাঁচ বছর শুধু বাংলার ওপর পড়াশোনা করছি।

তাই দাবি, আমাদের একটাই, সাবজেক্ট যার, ক্যাডার তার।